# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 02 May, 2025

ফেনীর দাগনভূঞায় পুকুরের পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। শুক্রবার (২ মে) দুপুরে উপজেলার ইয়াকুবপুর ইউনিয়নের চন্ডিপুর গ্রামের হাটপুকুর মোহাম্মদ আলী মিয়াজী বাড়িতে এ ঘটনা ঘটে।

নিহতরা হলো–চন্ডিপুর গ্রামের সাইফুল ইসলামের ছেলে নাফিজ (৯) ও নেজাম উদ্দিনের ছেলে ইয়াছিন (৭)। তারা সম্পর্কে চাচাতো ভাই।

নিহতের জেঠা জামাল উদ্দিন বলেন, দুপুরে গোসল করার উদ্দেশে তারা বাড়ির পুকুরে নামে। ওই সময় জুমার নামাজের জন্য সবাই মসজিদে চলে যায়।নামাজ শেষে বাড়িতে ফিরে তাদের কোথাও না পেয়ে পুকুরে খোঁজাখুঁজি করেন স্বজনরা। একপর্যায়ে দুপুর আড়াইটার দিকে পানি থেকে তাদের উদ্ধার করে দাগনভূঞা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

দাগনভূঞা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক স্বাস্থ্য কর্মকর্তা (আরএমও) ডা. সুনন্দা সেন বলেন, হাসপাতালে আনার আগেই তাদের মৃত্যু হয়েছে। দুইজনকে হাসপাতালে আনা হলে পরীক্ষা করে তাদের মৃত ঘোষণা করা হয়।

এ ব্যাপারে দাগনভূঞা থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওয়াহিদ পারভেজ বলেন, ঘটনাটি অবগত হয়েছি। ইতোমধ্যে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:35

URL: https://www.timestodaybd.com/public/chittagong/3883341791